

৫নং বানা ইউনিয়ন পরিষদ

ডাকঘরঃ-বেলবানা, উপজেলাঃ-আলফাডাঙ্গা, জেলাঃ-ফরিদপুর।

স্মারক নং-

তারিখঃ ২৭/০৪/২০২২

ওয়ার্ড সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ হুমায়ন খান, সদস্য, ১নং ওয়ার্ড, ৫নং বানা ইউনিয়ন পরিষদ।
 উপদেষ্টা : শাহানারা বেগম, সংরক্ষিত আসনের মহিলা সদস্য, ১নং ওয়ার্ড, ১নং বানা ইউনিয়ন পরিষদ।
 সভার তারিখ : ০৮/০৪/২০২০ খ্রিঃ
 সময় : বেলা ৩.০০ ঘটিকা

সভায় উপস্থিতির ছবি ও হাজিরা পরিশিষ্ট - 'ক' ও 'খ'

সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় ৫নং বানা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, জনাব মোঃ হারুন অর রশিদ শরীফ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ওয়ার্ড সভার লক্ষ্য, উদ্দেশ্য, প্রয়োজনীয়তা এবং ওয়ার্ড সভা আয়োজনে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর বাধ্যবাধকতা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। ইউনিয়ন পরিষদ সচিব জনাব এনামুল খান ওয়ার্ড সভা পরিচালনা করেন। এ ছাড়া সভায় উপস্থিত ব্যক্তিবর্গের মধ্যে অনেকেই বক্তব্য রাখেন। সভায় উপস্থিত বিভিন্ন পেশাজীবী জনগণের মধ্য হতে এলাকার সমস্যা চিহ্নিত করে তা দূর করার জন্য বাস্তবায়নযোগ্য স্কিমের/প্রকল্পের তালিকা গ্রহণ করা হয়। সভায় চাহিদা মোতাবেক নিম্নলিখিত স্কিম/প্রকল্পের তালিকা পাওয়া যায় এবং প্রকল্পসমূহ বাস্তবায়ন ও তদারকির জন্য একটি ওয়ার্ড ও একটি তদারকি কমিটি গঠন করা হয়।

ক্র. নং	ওয়ার্ড নং	স্কিমের নাম ও প্রস্তাবকারীর নাম	খাতের নাম	সম্ভাব্য ব্যয়	বাস্তবায়ন সময়কাল	মন্তব্য
০১	০১	প্রস্তাবকারী : জিল্লুর রহমান খান স্কিমের নাম : শিরগ্রাম ক্লাব হতে বিলুালের বাড়ি পর্যন্ত সোরিং রাস্তা সংস্কার।	যোগাযোগ	১,০০,০০০	২০২১/২২ অর্থ বছর	
০২	০১	প্রস্তাবকারী : জিল্লুর রহমান খান স্কিমের নাম : দক্ষিণ শিরগ্রাম আদেলউদ্দিনের বাড়ি হতে নবির খানের বাড়ি পর্যন্ত সোরিং রাস্তা নির্মাণ।	যোগাযোগ	১,০০,০০০	,,	
০৩	০১	প্রস্তাবকারী : জিল্লুর রহমান খান স্কিমের নাম : দক্ষিণ শিরগ্রাম নবির খানের বাড়ি হতে কুরবান কাজীর বাড়ি পর্যন্ত সোলিং রাস্তা নির্মাণ।	যোগাযোগ	১,০০,০০০	,,	
০৪	০১	প্রস্তাবকারী : জিল্লুর রহমান খান স্কিমের নাম : দক্ষিণ শিরগ্রাম স্কুলের উত্তর পাশে বেড়িবাধের উপর কালভার্ট নির্মাণ।	যোগাযোগ	১,০০,০০০	,,	
০৫	০১	প্রস্তাবকারী : জাহিদ খান স্কিমের নাম : দক্ষিণ শিরগ্রাম আসমত আলী মীরের বাড়ি থেকে আরজ খানের বাড়ি পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ও সোলিং রাস্তা নির্মাণ।	যোগাযোগ	১,০০,০০০	,,	
০৬	০১	প্রস্তাবকারী : জিল্লুর রহমান খান স্কিমের নাম : দক্ষিণ শিরগ্রাম মেইন রাস্তা হতে ওমেদের বাড়ি পর্যন্ত সোলিং রাস্তা নির্মাণ।	যোগাযোগ	১,০০,০০০	,,	
০৭	০১	প্রস্তাবকারী : জিল্লুর রহমান খান স্কিমের নাম দক্ষিণ শিরগ্রাম বিশু মিয়ার বাড়ি হতে মুক্তারের বাড়ি পর্যন্ত সোরিং রাস্তা নির্মাণ।	যোগাযোগ	১,০০,০০০	,,	
০৮	০১	প্রস্তাবকারী : জিল্লুর রহমান খান স্কিমের নাম : দক্ষিণ শিরগ্রাম মুক্তারের বাড়ি হতে মান্নান খানের বাড়ি পর্যন্ত সোরিং রাস্তা নির্মাণ।	যোগাযোগ	১,০০,০০০	,,	
০৯	০১	প্রস্তাবকারী : জিল্লুর রহমান খান স্কিমের নাম : ওয়ার্ডের বিভিন্ন স্থানে অগভীর নলকূপ স্থাপন।	যোগাযোগ	১,০০,০০০	,,	
১০	০১	প্রস্তাবকারী : জিল্লুর রহমান খান স্কিমের নাম : দরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ।	যোগাযোগ	১,০০,০০০	,,	

ওয়ার্ড কমিটি

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে অবস্থান
০১	মোসাঃ শাহানারা বেগম	ইউপি সদস্যা	সভাপতি
০২	মোঃ হুমায়ন খান	ইউপি সদস্য	সদস্য সচিব
০৩	মোসাঃ সাজেদা বেগম	শিক্ষিকা	সদস্য
০৪	মোঃ জিল্লুর রহমান খান	সমাজ সেবক	,,
০৫	মোসাঃ তানজিরা বেগম	সমাজ সেবিকা	,,
০৬	মোঃ আহাদ খান	সুশীল সমাজের প্রতিনিধি	,,
০৭	সৈয়দ এনায়েত হোসেন	গণ্যমান্য	,,

তদারকি কমিটি

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে অবস্থান
০১	মোঃ শাহাজাহান খান	গণ্যমান্য ব্যক্তি	সভাপতি
০২	মোঃ কুদ্দুস খান	,,	সদস্য সচিব
০৩	মোসাঃ নাগিস বেগম	,,	সদস্য
০৪	মোঃ আশরাফুল খান	,,	,,
০৫		,,	,,
০৬		,,	,,
০৭	নাজরিন চৌধুরী	উপ-সহকারী প্রকৌশলী	,,

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২। সিদ্ধান্ত : প্রাপ্ত স্ফীম/প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদের প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(মোঃ হুমায়ন খান)
সদস্য, ১নং ওয়ার্ড
ও সভাপতি ওয়ার্ড সভা
৫নং বানা ইউনিয়ন পরিষদ
আলফাডাঙ্গা, ফরিদপুর।

বিতরণ:

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর।
- ৪। চেয়ারম্যান, ৫নং বানা ইউনিয়ন পরিষদ, আলফাডাঙ্গা, ফরিদপুর (স্ফীম/প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)
- ৫।

ওয়ার্ড সভার ছবি

